



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র- জাতী: বি:/রেজি:/অ্যাকা:/ ভর্তি/১৬(৬৯৩)/২০১২

তারিখ : ০২.০১.২০১৩

২০১০-২০১১ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। কলেজ কর্তৃক ১ম মেধা তালিকা অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্যাবলী ০৮.০১.২০১৩ তারিখের মধ্যে www.nubd.info ওয়েব সাইটে ডাটা এন্ট্রি করা যাবে। কলেজ Log in করতে কলেজ কোড ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। ট্র্যাকিং নম্বর দিলে শিক্ষার্থীর তথ্যাবলী Screen এ আসবে এবং পত্রসমূহের কোড যথাযথভাবে পূরণ করে Submit করতে হবে। On line এ প্রাথমিক আবেদন এন্ট্রি করার সময় যে কলেজ কোড ও পাসওয়ার্ড ব্যবহার করা হয়েছে সেটি বলবৎ থাকবে।

২। প্রয়োজনীয় সনদপত্র ও যোগ্যতা থাকা সাপেক্ষে :

- ক) প্রদর্শক হিসাবে প্রাথমিক আবেদনকারীদের কলেজ সরাসরি ভর্তি করে নিতে পারবেন।
- খ) মুক্তি যোদ্ধার সন্তান/আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের প্রথম মেধাক্রম তালিকায় নির্ধারিত বিষয়ে অথবা তার প্রথম পছন্দের বিষয়ে কলেজ কর্তৃপক্ষ সরাসরি ভর্তি করে নিবেন।
- উভয় ক্ষেত্রেই ম্যানুয়েল পদ্ধতিতে ভর্তি করতে হবে এবং বিবরণী ও অন্যান্য কাগজপত্র আলাদাভাবে ০৮.০১.২০১৩ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

৩। ২০১০-২০১১ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য অনলাইনে প্রাথমিকভাবে আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২য় মেধাতালিকা প্রণয়নের জন্য ছাত্রছাত্রীদের www.nubd.info ওয়েবসাইটে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :

- ক) ওয়েবসাইটে প্রাপ্তব্য শূন্য আসনের তালিকা অবলোকনপূর্বক ১ম মেধাতালিকায় যারা স্থান পায়নি এমন শিক্ষার্থীরা পূর্বের ট্র্যাকিং নম্বর দিলে শিক্ষার্থীর তথ্যাবলী Screen এ আসবে, শূন্য আসন অনুযায়ী তাদের আবেদন ফরমে কলেজ কোড ও বিষয় কোড পরিবর্তন করে Submit করতে হবে- যদি কেউ না করেন তবে তার পূর্ব আবেদন বহাল থাকবে।
- খ) ১ম মেধাতালিকা অনুযায়ী যারা ইতোমধ্যে ভর্তি হয়েছে কিন্তু ১ম পছন্দ অনুযায়ী কলেজ ও বিষয় পায়নি, তারাও ইচ্ছে করলে পূর্বের ট্র্যাকিং নম্বর ব্যবহার করে ৩ এর (ক) এর ন্যায় তাদের আবেদন ফরমে শূন্য আসন অনুযায়ী কলেজ কোড ও বিষয় কোড সংশোধন করার আবেদন করতে পারবে। ২য় মেধাতালিকায় স্থান না পেলে পূর্বের ভর্তি বহাল থাকবে। ২য় মেধাতালিকায় পছন্দের বিষয় পেলে ১ম ভর্তি বাতিল হয়ে যাবে এবং ২য় মেধাক্রম অনুযায়ী অবশ্যই তাকে ভর্তি হতে হবে। তবে তার আর্থিক ক্ষতির বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কোন দায়িত্ব বহন করবে না তবে বিশ্ববিদ্যালয়কে প্রদেয় রেজিস্ট্রেশন ফি (৬০০/-) নুতন করে জমা দিতে হবে না।
- ১ম মেধা তালিকায় স্থান পেয়েও যে সকল শিক্ষার্থী ভর্তি হয়নি তারও অনুরূপভাবে বিষয় ও কলেজ কোর্ড পরিবর্তন করে আবেদন করতে পারবে- যদি কেউ না করেন তবে তার পূর্ব আবেদন বহাল থাকবে।
- গ) আগামী ০৯.০১.২০১৩ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা থেকে ১৫.০১.২০১৩ তারিখ রাত ১২ টার মধ্যে সকল শিক্ষার্থীদের অন-লাইনে এ সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ঘ) আবেদনে কলেজ কোড ও বিষয় কোড পরিবর্তনের সময় কোন ভুল করলে সংশোধনের কোন সুযোগ থাকবে না।
- ঙ) আগামী ২০/০১/২০১৩ তারিখ বিকাল ৪ ঘটিকায় ২য় মেধাতালিকা প্রকাশ করা হবে।
- চ) ভর্তিকৃত ছাত্রদের যারা ১ম পছন্দ ক্রমের কলেজ এবং ১ম পছন্দ ক্রমের বিষয় পেয়েছে তারা এই আওতায় পড়বে না।

- ৪। ২য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের নির্ধারিত কলেজে ২৭.০১.২০১৩ তারিখের মধ্যে যথাযথ ফি ও কাগজপত্র দাখিলপূর্বক ভর্তি হতে হবে।
- ৫। ২য় মেধা তালিকায় ভর্তিকৃত রেজিস্ট্রেশন ফি (৬০০/- টাকা হারে) এর ডিডি করার শেষ তারিখ ২৮.০১.২০১৩।
- ৬। সকল কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ ২৯.০১.২০১৩।
- ৭। ক্লাশ শুরু পরিবর্তিত তারিখ ৩০.০১.২০১৩

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর।

সূত্র- জাতী: বি:/রেজি:/অ্যাকা:/ ভর্তি/১৬(৬৯৩)/২০১২/ ০৬৮৪

তারিখ : ০২.০১.২০১৩

সনদ/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সকল বিভাগীয়/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশন, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকা ও টিভি চ্যানেলে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. অধ্যক্ষ,
৫. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি/নোটিশ বোর্ড।

উপ-রেজিস্ট্রার
অ্যাকাডেমিক (মাস্টার্স ও প্রফেশনাল) শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়